

## প্রেস বিজ্ঞপ্তি

### ঢাকার ধানমন্ডিতে আইসিডিডিআর,বি ডায়াগনস্টিক ল্যাবরেটরির একটি নমুনা সংগ্রহ কেন্দ্র চালু

ঢাকা, বাংলাদেশ, ২৯ জুন, ২০২১:

আজ, আইসিডিডিআর,বি ডায়াগনস্টিক ল্যাবরেটরি, বাংলাদেশের প্রথম আইএসও ১৫১৮৯ (গুণমান) এবং আইএসও ১৫১৯০ (সুরক্ষা) স্বীকৃত ল্যাব, ঢাকার ধানমন্ডিতে এর নমুনা সংগ্রহ কেন্দ্র উদ্বোধন করেছে।

উদ্বোধনী অনুষ্ঠানে আইসিডিডিআর,বি-র নির্বাহী পরিচালক ড. তাহমিদ আহমেদ রোগীর সময়মতো সঠিক রোগনির্ণয়, যার ওপর রোগী এবং চিকিৎসক উভয়ই নির্ভর করতে পারেন সেই অধিকার, এবং এক্ষেত্রে আইসিডিডিআর,বি কিভাবে দেশে বিদ্যমান সমস্যা মোকাবেলায় সচেষ্ট সে বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন, "ধানমন্ডিতে এই নমুনা সংগ্রহ কেন্দ্রটি চালু করা, নির্ভুলভাবে রোগ সনাক্তকরণ, কার্যকারণ বিশ্লেষণ এবং পরিশেষে চিকিৎসকদের জীবন রক্ষাকারী ভূমিকাতে সহায়তা করার আইসিডিডিআর,বি-র অঙ্গীকার বাস্তবায়নে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

আইসিডিডিআর,বি-র ল্যাবরেটরি সায়েন্সেস অ্যান্ড সার্ভিসেস বিভাগের ভারপ্রাপ্ত সিনিয়র ডিরেক্টর ড. দীনেশ মন্ডল তাঁর বক্তব্যে বলেন, "সবচেয়ে নির্ভরযোগ্য ডায়াগনস্টিক সেবা সরবরাহকারী হিসেবে আমাদের সেবাসমূহকে আরও বেশি মানুষের কাছে পৌঁছানো আমাদের দায়িত্ব।"

উল্লেখ্য যে, আইসিডিডিআর,বি-র ডায়াগনস্টিক সেবা থেকে অর্জিত সঞ্চয় প্রতি বছর আইসিডিডিআর,বি-র ঢাকা ও মতলব হাসপাতালে আগত দুই লাখেরও বেশি রোগীর বিনামূল্যে জীবন রক্ষাকারী চিকিৎসা সেবা প্রদানে সহায়তা করে।

আগামী বুধবার, ৩০ জুন ২০২১ থেকে ৭৫৪/বি সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা, এই ঠিকানায় নমুনা সংগ্রহ কেন্দ্রটি চালু হবে। সারা বছরব্যাপী প্রতিদিন সকাল ৭.৩০ থেকে রাত ৯.৩০ পর্যন্ত নমুনা সংগ্রহ করা হবে। মহাখালীতে অবস্থিত আইসিডিডিআর,বি ডায়াগনস্টিক ল্যাবরেটরির ছয়টি বিশ্বমানের স্বয়ংক্রিয় ল্যাবের মাধ্যমে ৬০০-এর বেশি রুটিন স্ক্রিনিং টেস্ট থেকে শুরু করে জটিল মলিকিউলার ও জেনেটিক পরীক্ষা করা যাবে। তবে, কোভিড-১৯ এর জন্য পরীক্ষা করতে ইচ্ছুক ব্যক্তিদের মহাখালী কেন্দ্রে যেতে হবে। ধানমন্ডিতে নমুনা সংগ্রহ কেন্দ্রে কোভিড-১৯ এর নমুনা নেয়া হবে না।

উদ্বোধনী অনুষ্ঠানটি কঠোর করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধ বিষয়ক নির্দেশনা অনুসরণ করে অনুষ্ঠিত হয়েছে, যেখানে কোনো বহিরাগত অতিথিকে আমন্ত্রণ করা হয়নি। সকল অংশগ্রহণকারীকে মুখে মাস্ক পরা এবং করমর্দন পরিহার নিশ্চিত করা হয়েছিল।

#